গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.১৮৩ তারিখ: ০৩/০৭/২০২৩ খ্রি.

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর নৈতিকতা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১ | জনাব বিনয় কুমার দেব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর। | সভাপতি |
| ২ | জনাব সালেহ আহমদ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি | সদস্য |
| ৩ | জনাব রনজিত কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর | সদস্য |
| ৪ | জনাব রনজু কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর | সদস্য সচিব |

নৈতিকতা কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

১) শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;

২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;

৩) শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ;

৪) বিবিধ।

০৩.০৭.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.১৮৩ তারিখ: ০৩/০৭/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।

২। জনাব সালেহ আহমদ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।

৩। জনাব রনজিত কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।

৪। জনাব রনজু কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।

৫। অফিস নথি।

০৩.০৭.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৫ তারিখ: ০৭/০৯/২০২৩ খ্রি.

## নোটিশ

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এ নৈতিকতা কমিটির সভা করার নির্দেশনার প্রেক্ষিতে ১ম ত্রৈমাসিকের নৈতিকতার কমিটির সভা আগামী ১১/০৯/২৩ খ্রি. তারিখ বিকাল ২.০০ ঘটিকার সময় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর নিম্নস্বাক্ষরকারীর সভাপত্তিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যকে নির্ধারিত সময় উপস্থিত থাকার জন্য বলা হলো।

০৭.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৫ তারিখ: ০৭/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।

২। জনাব সালেহ আহমদ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।

৩। জনাব রনজিত কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।

৪। জনাব রনজু কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।

৫। অফিস নথি।

০৭.০৯.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার।
http://food.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৭ তারিখ: ১১/০৯/২০২৩ খ্রি.

**শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার এর কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনীঃ**

সভাপতিঃ জনাব বিনয় কুমার দেব
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর।

তারিখঃ ১১/০৯/২০২৩খ্রিঃ

সময়ঃ বেলা ০২.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর অফিস কক্ষ।

সভাপতি **সেপ্টেম্বর/২০২৩** মাসে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে বিভিন্ন বিষয় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে সভায় বিস্তারিত আলোচনা হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/ নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | নৈতিকতা কমিটি সভা আয়োজন | সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ প্রণয়নপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার মহোদয় বরাবরে প্রেরণ করা হয়েছে। চলতি অর্থবছরে নৈতিকতা কমিটির ১ম সভা। তারপর উক্ত কার্যক্রমের সকল প্রমাণকসহ কাগজপত্রাদি নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আপডেটসহ হার্ডকপি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। আমাদের পরবর্তী সভা আগামী ডিসেম্বর/২৩ মাসের ভিতরে সম্পন্ন করতে হবে। | ১। আগামী নৈতিকতা কমিটির সভা ডিসেম্বর/২৩ নির্ধারিত সময়ের মধ্যে মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২৩-২৪ এর চলতি ত্রৈমাসিকের সকল কার্যক্রম প্রমাণক সহ প্রেরণ করতে হবে। | ক। নৈতিকতা কমিটি, অত্র দপ্তর।<br>খ। প্রশাসন বিভাগ, অত্র দপ্তর। |
| ০২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভাপতি বলেন, মাঠ পর্যায়ের শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীসহ স্টেকহোল্ডারদের নিয়ে নিয়মিত সভা আহবান করতে হবে। ২০২৩-২৪ অর্থ বছরে স্টেকহোল্ডারদের নিয়ে ০২(দুই) টি সভা নির্ধারন করা হয়েছে। ইতোমধ্যে ১ম সভা সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভা ডিসেম্বর/২৩ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। এরপর সভাপতি, সকলকে প্রয়োজনীয় দিক নির্দেশনা [illegible] | ১। নির্ধারিত সময়ের সভা আহবান করতে হবে।<br>২। সভা কার্যক্রমের প্রমাণক সংগ্রহে রাখতে হবে। | ক। প্রশাসন শাখা, অত্র দপ্তর।<br>খ। নৈতিকতা কমিটি, অত্র দপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন/ মতবিনিময় সভা আয়োজন | সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার এর কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী চলতি অর্থবছরে ৫ জন প্রশিক্ষণার্থী করে দুই পাক্ষিকে মোট ১০ জন কে প্রশিক্ষণ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নির্ধারিত সময়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক। প্রশাসন শাখা, অত্র দপ্তর। |
| ০৪ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের ব্যবস্থা) ইত্যাদি | সভাপতি বলেন, অত্র দপ্তরের প্রতিটি কক্ষ পরিষ্কার করতে রাখতে হবে। নথিপত্র অগোছালো ভাবে রাখা যাবে না। ব্যবহৃত ও অব্যবহৃত আসবাবপত্রসমূহ ডাষ্টার দিয়ে নিয়মিত পরিষ্কার করার জন্য অফিস সহায়কদের নিদের্শ প্রদান করতে হবে। | ক। অত্র দপ্তরে সকল কক্ষ নিয়মিত পরিষ্কার/পরিচ্ছন্ন রাখতে হবে। | ক। প্রশাসন শাখা, অত্র দপ্তর। |
| ০৫ | ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | অত্র দপ্তরে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ইতোমধ্যে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক। ওয়েবসাইটে প্রকাশিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক। প্রশাসন/হিসাব শাখা। |
| ০৬ | সেবা প্রদানের জন্য রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | অত্র দপ্তরের সেবা কাউন্টারে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা হতে বিকাল ৪টা) পর্যন্ত সার্বক্ষণিক একটি সেবা রেজিষ্টার চালু রাখা হয়েছে। সেবা গ্রহণকারীরা সেখানে তাদের মতামত প্রদান করবেন এবং অত্র অফিস উক্ত রেজিষ্টার সংরক্ষণের ব্যবস্থা করবেন। | ক। সেবা প্রদান সর্ম্পকিত রেজিষ্টার খোলা হয়েছে এবং তা সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। | ক। প্রশাসন শাখা। |

পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৭
তারিখ: ১১/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। জনাব সালেহ আহমদ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।
৩। জনাব রনজিত কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।
৪। জনাব রনজু কুমার সিংহ, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর।
৫। অফিস নথি।

১১.০৯.২০২৩
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৮ তারিখ: ১১/০৯/২০২৩ খ্রি.

নোটিশ

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এ অংশীজনদের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক সভা আগামী ১৮/০৯/২৩ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মৌলভীবাজার সদর এর অফিস কক্ষে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সদস্যকে নির্ধারিত সময় উপস্থিত থাকার জন্য বলা হলো।

১১.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৩৮ তারিখ: ১১/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।
৩। খাদ্য পরিদর্শক..................................
৪। সহকারী উপ-খাদ্য পরিদর্শক.........................
৫। অফিস নথি।

১১.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,
মৌলভীবাজার সদর।
http://food.moulvibazarsadar.moulvibazar.gov.bd
www.dgfood.gov.bd

## ১৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অংশীজনদের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব বিনয় কুমার দেব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর।

সভার তারিখ ও সময়ঃ ১৮/০৯/২০২৩খ্রি.তারিখ বিকাল ৩.০০ঘটিকা।

স্থানঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার এর অফিস কক্ষ।

উপস্থিতিঃ সভায় উপস্থিত অংশীজনদের নামের তালিকা- পরিশিষ্ট-ক

সভাপতি সুশাসন প্রতিষ্ঠা বিষয়ক সভায় উপস্থিত অংশীজনদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন সোনার বাংলা গড়ার প্রত্যয় সকল ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা করা আবশ্যক। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে উপস্থিত উপজেলায় কর্মরত ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য পরিদর্শক, উপখাদ্য পরিদর্শকসহ সংশ্লিষ্ট অংশীজনদের সম্যক ধারনা প্রদান করেন। অতঃপর সভায় সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে বিস্তারিত আলোচনায় শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/নং | শাখার নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|---|
| ০১ | কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করন | সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, অত্র উপজেলায় খাদ্য পরিদর্শক/ উপখাদ্য পরিদর্শক/ সহকারী উপখাদ্য পরিদর্শক কর্মরত আছে। তাদের মাধ্যমে খাদ্য বিভাগের জনগুরুত্বপূর্ণ কর্মসূচীসমূহ সম্পন্ন করতে হবে। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের দায়িত্ব বন্টন করে দিবেন। তাদের উপস্থিতি নিশ্চিতকল্পে দাপ্তরিক কাজের গতিশীলতা বৃদ্ধি করতে হবে। প্রত্যেক দপ্তর প্রধান তার স্ব-স্ব নিয়ন্ত্রনাধীন কর্মকর্তা কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিত থাকা নিশ্চিত করবেন। | সকল কর্মকর্তা/ কর্মচারীর সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে। জরুরী প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে কর্মস্থল ত্যাগ করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র কার্যালয়।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০২ | দাপ্তরিক ও নাগরিক ডাক দ্রুত নিষ্পত্তি করণ | সভাপতি বলেন অফিসের কাজের গতি, স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনগনের সেবা প্রদান ও কাগজের ব্যবহার কমিয়ে পরিবেশ বান্ধব অফিস সৃষ্টির লক্ষ্যে সরকার বর্তমানে ডি-নথি সিষ্টেম চালু করেছেন। যেকোন মুহূর্তে যেকোন স্থানে বিভিন্ন গুরুত্বপূর্ণ পত্র ও তথ্যাদি তাৎক্ষনিকভাবে উর্দ্ধতন দপ্তরে আদান প্রদান করা যায়। সকল দাপ্তরিক ডাক এবং নাগরিক ডাক দ্রুত নিষ্পত্তি করতে হবে। কোন প্রকার কাজ দীর্ঘদিন পেন্ডিং রাখা যাবে না। ডি-নথির সিষ্টেমে যেকোন স্থানে যেকোন অবস্থাতেই সকল প্রকার ডাক নিষ্পন্ন করা যায়। | ক। সকল প্রকার ডাক দ্রুত নিষ্পত্তি করতে হবে। ডি-নথিতে নোট নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র কার্যালয়।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৩ | অভ্যান্তরীণ সংগ্রহ | সভাপতি বলেন, চলমান অভ্যান্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুম সফল করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্ঠা গ্রহণ করতে হবে। নীতিমালা কঠোরভাবে অনুসরণপূর্বক সংগ্রহ কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিনির্দেশ সম্মত ধান ও চাল সংগ্রহের সর্বাত্মক প্রচেষ্ঠা গ্রহণের জন্য সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করেন। গুদামের সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার করতে হবে। সংগ্রহ নীতিমালা এবং চলমান নির্দেশনা কঠোরভাবে অনুসরণপূর্বক সংগৃহীত ধান ছাঁটাইয়ের জন্য প্রস্তাব প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন। সংগ্রহ কার্যক্রমে কোনরূপ অনিয়ম, অবহেলা ও শৈথল্যের দরুন সফলতা অর্জনে ব্যাঘাত সৃষ্টি হলে বা বিনির্দেশ বহির্ভূত ধান/ সিদ্ধ চাল/ আতপ চাল/ মিল হতে ছাঁটাইকৃত চাল সংগ্রহ করা হলে তার দায় সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, প্রত্যয়নকারী কর্মকর্তা, ক্রয়কারী কর্মকর্তা এবং মূল্য পরিশোধকারী কর্মকর্তা বহন করবেন এবং শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখি হবেন। কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত খাদ্যশস্য ক্রয় করা যাবে না। ভারপ্রাপ্ত কর্মকর্তা ও প্রত্যয়নকারী সংশ্লিষ্ট রাইছ মিলে গিয়ে উন্নতমানের চাল সরবরাহের জন্য মিলারদের পরামর্শ প্রদান করবেন। সংগৃহীত খাদ্যশস্যের ভৌত বিশ্লেষণ সম্পন্ন করে যথাসময়ে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। সভাপতি বলেন, ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত বস্তসমূহের মান নির্ধারিত কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে বিনির্দেশ | ক। চলমান অভ্যান্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্ঠা গ্রহণ করতে হবে।<br>খ। বরাদ্দকৃত ৩০কেজি ও ৫০ কেজির খালি বস্তার মান যাচাই বাছাই করে বিনির্দেশ সম্মতমানের বস্তা গ্রহণ করতে হবে।<br>গ। সংগৃহীত খাদ্যশস্যের ভৌত বিশ্লেষণ সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঘ। কৃষকের এ্যাপস্ ও ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা এ্যাপস্ বাস্তবায়ন করতে হবে।<br>ঙ। বিনির্দেশ সম্মত মানের বস্তা গ্রহণ করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র কার্যালয়।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | খাদ্য বান্ধব কর্মসূচী সুষ্ঠুভাবে পরিচালনা | খাদ্যবান্ধব কর্মসূচী চলমান রয়েছে। খাদ্য মন্ত্রণালয় হতে নতুনভাবে অতিরিক্ত বরাদ্দকৃত তালিকাসহ হতদরিদ্রের তালিকা খাদ্য অধিদপ্তর হতে প্রদত্ত নির্দেশনা ও ছক মোতাবেক লিপিবদ্ধ করে উপজেলা ওয়েব পোর্টালে দ্রুত আপলোড করতে হবে। ভোক্তাদের তথ্যাদি যাচাই করে দ্রুত সফটওয়্যারে আপলোড করতে হবে। হতদরিদ্রের তালিকা নিয়মিত মনিটরিং করতে হবে। কোন স্বচ্ছল ব্যক্তি/ মৃত ব্যক্তি/ কোন হতদরিদ্র মারা যাওয়ার তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে পুনঃযাচাই করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করতঃ হতদরিদ্রের নাম অন্তর্ভুক্ত/ বাদ দিতে হবে। যাদের নাম বাদ দেয়া হয়েছে তাদের তালিকা দ্রুত অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। | ক। উপকারভোগীদের তালিকা UDC এর মাধ্যমে দ্রুত সফটওয়্যারে আপলোড করতে হবে।<br>খ। স্বচ্ছল/ মৃত ব্যক্তি/ কোন হতদরিদ্র মারা গেলে তালিকা ও ওয়েব পোর্টাল হতে নাম বাদ দিতে হবে। তদস্থলে হতদরিদ্রের নাম প্রতিস্থাপন পূর্বক হালনাগাদ তালিকা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।<br>গ। নিয়মিত হতদরিদ্রের তথ্য মনিটরিং করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র কার্যালয়।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৫ | অকেজো মালামাল নিষ্পত্তিকরণ | সভাপতি বলেন, উপজেলার সংস্থাপনসমূহে বিভিন্ন প্রকার অকেজো দ্রব্যাদি মজুদ রয়েছে। অকেজো দ্রব্যাদি মজুদ থাকায় নিরীক্ষা আপত্তি উত্থাপিত হওয়ায় মজুদকৃত অকেজো মালামাল বিধিবিধান অনুসরণ পূর্বক নিষ্পত্তি করা হলে নিরীক্ষা আপত্তি মীমাংসা করা সম্ভব হবে। সরকারী স্বার্থে এগুলো দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন। উল্লেখ্য, অকেজো দ্রব্যাদি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে পরামর্শ দেয়া হয়। | মজুদকৃত অকেজো মালামাল বিধিবিধান অনুসরণপূর্বক নিষ্পত্তি করতে হবে। | ১। প্রশাসন শাখা, অত্র কার্যালয়।<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।

স্মারক: ১৩.০১.৫৮৭৪.০০০.১৬.০০৪.২৩.২৪২
তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি।
৩। খাদ্য পরিদর্শক..................................
৪। সহকারী উপ-খাদ্য পরিদর্শক.........................
৫। অফিস নথি।

১৮.০৯.২০২৩
(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মৌলভীবাজার সদর।